



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি  
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।  
www.titasgas.gov.bd

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০০০.২৯৮.৩৮.০০১৯.২৫.৫১

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কোম্পানির ১.৩ ও ১.৪ শ্রেণির তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স প্রিন্স ডকইয়ার্ড এন্ড শিপ বিল্ডার্স-এর মালিকানা হস্তান্তর এবং নামজারি প্রসঙ্গে। (সংশোধিত)

সূত্র: আপনাদের কোন পত্র সূত্র নেই

তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং টিজিটিডিপিএলসি-এর গ্যাস পাইপলাইন ঠিকাদার শ্রেণি-১.৩ ও ১.৪ এর জন্য প্রণীত তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩.১৬ অনুযায়ী, মালিকানা হস্তান্তরকালীন সময়ে প্রতিষ্ঠানে বিদ্যমান জনবল, যন্ত্রপাতি ও সরঞ্জাম অপরিবর্তিত রেখে দেশের প্রচলিত আইন অনুসরণপূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স প্রিন্স ডকইয়ার্ড এন্ড শিপ বিল্ডার্স -এর নাম পরিবর্তনপূর্বক লিমিটেড কোম্পানিতে রূপান্তর কর হয়েছে।

উল্লেখ্য, প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত RJSC প্রদত্ত ফর্ম অনুযায়ী প্রতিষ্ঠানের বিপরীতে বণ্টনকৃত মোট ৩০,০০০ (ত্রিশ হাজার) শেয়ারের মধ্যে ২১,০০০ (একুশ হাজার) শেয়ার প্রতিষ্ঠানের পূর্বতন একক স্বত্বাধিকারী জনাব মোঃ আব্দুল কাদের খান (লিটন)-এর নিকট সংরক্ষিত রেখে ৬,০০০ (ছয় হাজার) শেয়ার জনাব আজিজুল হাকিম খান, পিতাঃ মোঃ আব্দুল কাদের খান (লিটন), ঠিকানা: ৮৯/৩, ক্রিসেন্ট রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এবং অবশিষ্ট ৩,০০০ (তিন হাজার) শেয়ার জনাব মাহাবুব আলম, পিতা: মোঃ মিজানুর রহমান, ঠিকানা: ২০৯, এস.এস. শাহ রোড, রুপালি আবাসিক এলাকা, বন্দর, নারায়ণগঞ্জ-১৪১০-এর নিকট হস্তান্তরের বিষয়ে পেট্রোবাংলা হতে সম্মতি পাওয়া গিয়েছে।

উক্ত সম্মতি এবং তালিকাভুক্তি তফসিল মোতাবেক শ্রেণি-১.৩ ও ১.৪ এর জন্য নির্ধারিত মালিকানা হস্তান্তর ফি জমা প্রদান করায়, স্বত্ব হস্তান্তর-পরবর্তী প্রতিষ্ঠানটির মালিকানা নিম্নরূপে কোম্পানির রেকর্ডে অন্তর্ভুক্ত করা হলো:

**প্রতিষ্ঠানের নাম:** প্রিন্স গ্যাস কন্সট্রাকশন লিমিটেড (ঠিকাদারী কোড নং-১.৩ ও ১.৪/০৫৮)।

**পরিচালনা পর্ষদ:**


১) জনাব মোঃ আব্দুল কাদের খান (লিটন), ব্যবস্থাপনা পরিচালক।

২) জনাব আজিজুল হাকিম খান, চেয়ারম্যান।

৩) জনাব মাহাবুব আলম, পরিচালক।

আপনাকে তালিকাভুক্তি তফসিলের সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এর কোনো ব্যত্যয় ঘটলে বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও, কোম্পানির শ্রেণি-১.৩ ও ১.৪ এর তালিকাভুক্তি তফসিল এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত কর্তৃপক্ষের সকল নির্দেশনা আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ধন্যবাদান্তে,



০৬-০৫-২০২৬

সুরঞ্জিত কুমার দে

উপমহাব্যবস্থাপক (টেন্ডারিং ও এনলিস্টমেন্ট  
বিভাগ)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মোঃ আব্দুল কাদের খাঁন (লিটন), ব্যবস্থাপনা পরিচালক, প্রিন্স গ্যাস কন্সট্রাকশন লিমিটেড, ৮৯/৩, ক্রিসেন্ট রোড, ধানমন্ডি  
আ/এ, নিউমার্কেট, ঢাকা-১২০৫।
- ২। জনাব আজিজুল হাকিম খাঁন, চেয়ারম্যান, প্রিন্স গ্যাস কন্সট্রাকশন লিমিটেড, ঠিকানা-৮৯/৩, ক্রিসেন্ট রোড, ধানমন্ডি, ঢাকা  
-১২০৫।
- ৩। জনাব মাহাবুব আলম, পরিচালক, প্রিন্স গ্যাস কন্সট্রাকশন লিমিটেড, ঠিকানা-২০৯, এস এস শাহ রোড, রূপালি আবাসিক  
এলাকা, বন্দর, নারায়ণগঞ্জ-১৪১০।


স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০০০.২৯৮.৩৮.০০১৯.২৫.৫১/১ (৬)

২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
তারিখ: ০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ২। উপমহাব্যবস্থাপক, টেন্ডারিং ও এনলিস্টমেন্ট বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৩। উপমহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি ডেভেলপমেন্ট বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৪। ব্যবস্থাপক, কন্ট্রোল এনলিস্টমেন্ট ও কন্ট্রোল শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৫। ব্যবস্থাপক, টেন্ডারিং ও কন্ট্রোল শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৬। ব্যবস্থাপক, ই-সার্ভিস ও ইনোভেশন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।





০৬-০৫-২০২৬

প্রকৌ. মোঃ এনামুল হক

ব্যবস্থাপক (কন্ট্রোল এনলিস্টমেন্ট ও কন্ট্রোল  
শাখা)